গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
ডুমুরিয়া, খুলনা
www.dumuria.khulna.gov.bd

**উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা এর সেপ্টেম্বর-২০২৪ খ্রি: মাসের সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মুহাম্মদ আল-আমিন, প্রশাসক, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা। |
| সভার স্থান | : | উপজেলা কমপ্লেক্স সম্প্রসারিত প্রশাসনিক ভবনের হলরুম, ডুমুরিয়া, খুলনা। |
| সভার তারিখ ও সময় | : | ৩০ সেপ্টেম্বর, ২০২৪ সময় – দুপুর ১২.০০ টা |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কার্যপত্র উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

অতঃপর তিনি আলোচ্যসূচি অনুসারে গৃহিত বিষয়সমূহ আলোচনা করেন এবং সে অনুযায়ী সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কর্তৃক বিগত ২৮ আগস্ট, ২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী অদ্যকার সভায় উপস্থাপন করা হয়। কোনরূপ সংশোধনী প্রস্তাব না থাকায় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করার প্রতি গুরুত্বারোপ করা হয়। | কোন সংশোধনী প্রস্তাব না থাকায় ২৮ আগস্ট, ২০২৪ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা |
| ২ | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সভায় আলোচনা হয়। সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক পরবর্তী সভার পূর্বে অবহিত করলে কার্যবিবরণী প্রস্তুতে সহায়ক হয়। সিদ্ধান্ত বাস্তবায়নে অগ্রগতি সন্তোষজনক। | সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন এবং নতুন এজেন্ডা সম্পর্কিত প্রতিবেদন ১৫ দিনের মধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তা ডুমুরিয়া, খুলনা |
| ৩ | আয়-ব্যয়ের হিসাব | উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া সেপ্টেম্বর-২০২৪ মাসে উপজেলা পরিষদ রাজস্ব ও উন্নয়ন তহবিলে জমা/আয় এবং উক্ত তহবিল হতে ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন যা-নিম্নরূপ:<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আয় বিবরণী:<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে সেপ্টেম্বর-২০২৪ মাসে স্থিতি- ৮৪,১১,১৬০.৬৯/- টাকা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থিতির পরিমাণ-১১,২৮,২২,৯২৩.৩৮/-টাকা। | ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ বিধি মোতাবেক জমা এবং ব্যয় নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বা[illegible]য়নে |
|---|---|---|---|---|
| ৪ | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিভিন্ন ব্যয় ও প্রকল্প গ্রহণ | ১) এম এ কম্পিউটার, জলিল টাওয়ার,খুলনা উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ইন্টারকম সংযোগ ও মালামাল ক্রয় বাবদ ভ্যাট ও আয়করসহ মোট ২৫,০০০/- টাকা ব্যয়িত হয় ।এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১) এম এ কম্পিউটার, জলিল টাওয়ার,খুলনা কে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ইন্টারকম সংযোগ ও মালামাল ক্রয় বাবদ ভ্যাট ও আয়করসহ মোট ২৫,০০০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ |
| | | ২) জনাব নারায়ন চন্দ্র দাস, পরিচ্ছন্নতাকর্মী, ডুমুরিয়া, খুলনা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের দ্বিতীয় তলায় টয়লেটের স্যানিটারী মালামাল ক্রয় বাবদ ভ্যাট ও আয়করসহ মোট ২৫,০০০/- টাকা ব্যয়িত হয় ।এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২) জনাব নারায়ন চন্দ্র দাস, পরিচ্ছন্নতাকর্মী ডুমুরিয়া, খুলনা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের দ্বিতীয় তলায় টয়লেটের স্যানিটারী মালামাল ক্রয় বাবদ ভ্যাট ও আয়করসহ মোট ২৫,০০০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ৩) জনাব মুজিবর রহমান, দক্ষমালী উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা এর উপজেলা চত্তর ও ড্রেন পরিস্কার পরিচ্ছন্নতার বিল বাবদ মোট ২৫,০০০/- টাকা ব্যয় হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৩) জনাব মুজিবর রহমান, দক্ষমালী উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা এর উপজেলা চত্তর ও ড্রেন পরিস্কার পরিচ্ছন্নতার বিল বাবদ মোট ২৫,০০০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ৪) দৈনিক পূর্বাঞ্চল, খুলনাকে ২০২৪-২৫ অর্থবছরে জুলাই/২৪ গ্রামপুলিশের শূন্য পদে নিয়োগ বিজ্ঞপ্তি বিল বাবদ ২০,৭০০/- টাকার ব্যয় হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৪) দৈনিক পূর্বাঞ্চল, খুলনাকে ২০২৪-২৫ অর্থবছরে জুলাই/২৪ গ্রামপুলিশের শূন্য পদে নিয়োগ বিজ্ঞপ্তি বিল বাবদ ২০,৭০০/- টাকার ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধানৃত গৃহিত হয়। | |
| | | ৫) যায়যায় দিন পাবলিকেশন লিমিটেড ঢাকাকে বাংলা ১৪৩১ সনের ডুমুরিয়া উপজেলাধীন হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি বিল বাবদ ৩০,৫৬৭/- টাকার ব্যয় হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৫) যায়যায় দিন পাবলিকেশন লিমিটেড ঢাকাকে বাংলা ১৪৩১ সনের ডুমুরিয়া উপজেলাধীন হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি বিল বাবদ ৩০,৫৬৭/- টাকার ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ৬) সময়ের খবর, খুলনাকে ২০২৩-২৪ অর্থ বছরে (এডিপি) তহবিলের গৃহীত স্কীমসমূহ বাস্তবায়নে দরপত্র বিজ্ঞপ্তি বিল বাবদ ৮,৪৬০/-টাকার ব্যয় হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৬) সময়ের খবর, খুলনাকে ২০২৩-২৪ অর্থ বছরে (এডিপি) তহবিলের গৃহীত স্কীমসমূহ বাস্তবায়নে দরপত্র বিজ্ঞপ্তি বিল বাবদ ৮,৪৬০/-টাকার ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ৭) গ্রামের কাগজ, যশোরকে ২০২৩-২৪ অর্থ বছরে (এডিপি) তহবিলের গৃহীত স্কীমসমূহ বাস্তবায়নে দরপত্র বিজ্ঞপ্তি বিল বাবদ ১০,৫৮৪/-টাকার ব্যয় হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৭) গ্রামের কাগজ, যশোরকে ২০২৩-২৪ অর্থ বছরে (এডিপি) তহবিলের গৃহীত স্কীমসমূহ বাস্তবায়নে দরপত্র বিজ্ঞপ্তি বিল বাবদ ১০,৫৮৪/-টাকার ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ৮) জনাব সুশান্ত মন্ডল, ইলেক্ট্রিশিয়ান, উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনাকে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে ইলেক্ট্রিক কাজের বিল বাবদ ২৪,৯৭৯/- টাকা ব্যয় হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৮) জনাব সুশান্ত মন্ডল, ইলেক্ট্রিশিয়ান, উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনাকে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে ইলেক্ট্রিক কাজের বিল বাবদ ২৪,৯৭৯/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ৯) জনাব সুশান্ত মন্ডল, ইলেক্ট্রিশিয়ান, উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনাকে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের পানির মটর ও বৈদুতিক তার ক্রয় বাবদ ২৪,৮৯০/- টাকা ব্যয় হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৯) জনাব সুশান্ত মন্ডল, ইলেক্ট্রিশিয়ান, উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনাকে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের পানির মটর ও বৈদুতিক তার ক্রয় বাবদ ২৪,৮৯০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ১০) দৈনিক ভয়েজ অব টাইগার, যশোরকে বাংলা ১৪৩১ সনের ডুমুরিয়া উপজেলাধীন হাট বাজার ইজারা পুন:বিজ্ঞপ্তি বিল বাবদ ৪০,৯৮৬/- টাকার ব্যয় হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১০) দৈনিক ভয়েজ অব টাইগার, যশোরকে বাংলা ১৪৩১ সনের ডুমুরিয়া উপজেলাধীন হাট বাজার ইজারা পুন:বিজ্ঞপ্তি বিল বাবদ ৪০,৯৮৬/- টাকার ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ১১) জনাব গাজী আব্দুল হালিম, সাবেক ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা জুলাই/২৩ হতে মে/২৪ মোট ১১ মাসের ভ্রমণ ভাতা বিল বাবদ ৭৩,০০০/- টাকা দাখিল করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১১) এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উক্ত বকেয়া ভ্রমণ বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৫ | উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা। | (ক) উপজেলা প্রকৌশলী জানান যে, সকল ইউনিয়ন পরিষদ, বিভিন্ন দপ্তর, গণ্যমান্য ব্যক্তি ও সমাজসেবক এর নিকট হতে জনকল্যাণ কর স্কীম পাওয়া গেছে। বর্ণিত স্কীমগুলি যাচাই-বাছাই পূর্বক চূড়ান্ত তালিকার প্রস্তুতের নিমিত্তে সভায় উপস্থাপন করা হলো। | (ক) এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে প্রাপ্ত স্কীমগুলি যাচাই-বাছাই পূর্বক " পরিশিষ্ট-ক" তে উল্লেখিত স্কীমগুলি অনুমোদনের চূড়ান্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | |
| | | খ) উপজেলা হাটবাজার উন্নয়ন তহবিল/২০২৩-২৪ এর আওতায় প্যাকেজ নং-০৬ এর ৫৫নং ক্রমিকের কাজ বাস্তবায়নের জন্য গাইড ওয়ালের উচ্চতা ৪৫০ মিমি ধরে প্রাক্কলন প্রস্তুত করা হয়। কাজ বাস্তবায়নের সময় দেখা যায় যে ঐ স্থানে RL ভিন্ন ভিন্ন । RL এর সমতা করার নিমিত্তে গাইড ওয়ালের উচ্চতা বৃদ্ধিও প্রয়োজনীয়তা দেখা দেয়। এ ছাড়া ভবিষ্যতে রাস্তার স্থায়ীত্ব এবং জলাবদ্ধতা নিরসনে চুক্তিমূল্যের মধ্যে সীমাবদ্ধ রেখে দৈর্ঘ্য সংশোধন পূর্বক ডিজাইন হাইট বৃদ্ধি করে প্রাক্কলনে ভেরিয়েশন এর প্রয়োজন ।(প্রাক্কলন সংযুক্ত) | খ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে দেখা যায় সংশিষ্ট ইউনিয়নে দায়িত্বরত উপ সহকারী প্রকৌশলী মো: ফেরদাউস আলম সরেজমিনে পরিদর্শন করে সমপরিমান টাকার প্রাক্কলন প্রস্তুত করেছেন। সংশোধিত প্রাক্কলন অনুযায়ী কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | |
| | | গ) উপজেলা প্রকৌশলী জানান যে, থুকড়া – রংপুর সড়কে জরাজীর্ণ ব্রীজটি নির্মানাধীন। উক্ত ব্রীজের কিছু পুরাতন মালামাল নিলাম করা যাইতে পারে। পুরাতন মালামালের প্রাক্কলিত মূল্য ২০৯৮৮/- টাকা। উপ-সচিব, ভূমি মন্ত্রণালয়, অধিশাখা-২ (মাঠ প্রশাসন) মহোদয়ের স্মারক নং-৩১.০০.০০০০.০৪৬.০৬.০০২.১৩.১৭৩ তারিখ-০১.০৪.২০১৮ ইং মোতাবেক পুরাতন ভবন/স্থাপনার পুরাতন মালামাল নিলামের জন্য উপজেলা পর্যায়ে চার সদস্য বিশিষ্ট কমিটির পরিপত্র রয়েছে। যাহা নিম্নরুপঃ-<br><br>১) উপজেলা নির্বাহী কর্মকর্তা- সভাপতি। ২) সহকারী কমিশনার (ভূমি)- সদস্য সচিব। ৩) উপজেলা প্রকৌশলী- সদস্য। ৪) উপজেলা বন কর্মকর্তা- সদস্য। | গ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে বর্ণিত কমিটির মাধ্যমে নিলাম প্রক্রিয়া করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | |
| | | ঘ) উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল/২৩-২৪ এর আওতায় অনুমোদিত স্কীম তালিকার ৭০১নং ক্রমিকে সাহস ইউনিয়নে ২টি গভীর নলকূপের জন্য ১৩০০০০.০০ টাকা বরাদ্ধ হয়েছিল কিন্তু উক্ত ইউনিয়নে পানির লেয়ারের গভীরতা বেশী হওয়ায় উক্ত টাকায় ২টি গভীর নলকূপ বাস্তবায়ন করা সম্ভাব নয় সংশ্লিষ্ট পিআইসির চেয়ারম্যান এর | ঘ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে ১টি গভীর নলকূপ স্থাপন ও প্রাক্কলিত মূল্য ১০০০০০.০০টাকা অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | আবেদনের প্রেক্ষিতে ২টি গভীর নলকূপের পরিবর্তে ১টি গভীর নলকূপ স্থাপনের সদয় অনুমোদন আবশ্যক। ১টি গভীর নলকূপ এর প্রাক্কলিত মূল্য ১০০০০০.০০ টাকা যাহা অনুমোদন যোগ্য।(কপি সংযুক্ত) | | |
| | | ঙ) উপজেলা উন্নয়ন তহবিল/২৩-২৪ এর আওতায় অনুমোদিত স্কীম তালিকায় ৪৯৭নং ক্রমিকে জুন/২৪ মাসে অনুমোদিত ৬টি স্কীমের মধ্যে ৬নং ক্রমিকে বর্নিত রোস্তমপুর পালপাড়া হতে প্রভাষক মনিরুল হকের বাড়ী অভিমুখে রাস্তার পাইলিং স্কীমটি অন্য দপ্তর কর্তৃক বাস্তবায়িত হওয়ায় উহা পরিবর্তনের জন্য সংশিষ্ট ইউপি চেয়ারম্যান আবেদন করিয়াছেন । উক্ত স্কীমের পরিবর্তে রোস্তমপুর বাইতুল নাজাত জামে মসজিদ সংলগ্ন রাস্তা পাইলিং করণ স্কীমটি পিআইসির মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে । | ঙ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে আটলিয়া ইউনিয়নে দায়িত্বরতউপ সহকারী প্রকৌশলী মোঃ ফেরদাউস আলম সরেজমিনে পরিদর্শন করে আবেদন পত্রে প্রতিবেদন দাখিল করেছেন। পরিবর্তিত স্কীমটি বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয় । | |
| | | (চ) উপজেলা প্রকৌশলী আরও জানান যে, বন্যাজনিত কারনে এলজিইডির আওতায় বিভিন্ন রাস্তা ভেঙ্গে নষ্ট হয়েছে এবং পুকুর বা খালের পার্শ্বের রাস্তা ভেঙ্গে পড়ছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের সরকারী পরিপত্র প্রদান পূর্বক ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হয় কিন্তু ইউপি চেয়ারম্যান কোন পদক্ষেপ গ্রহন না করায় ক্ষতির পরিমান দিনদিন বৃদ্ধি পাচ্ছে ফলে সরকারি সম্পদ নষ্ট হচ্ছে। | (চ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | |
| | | ছ) উপজেলা প্রকৌশলী আরও জানান যে, উপজেলা পরিষদের বিভিন্ন কাজ দরপত্র/কোটেশন এর মাধ্যমে বাস্তবায়নের জন্য ইতিপূর্বে ০৭ সদস্য বিশিষ্ট কমিটি ছিল। উপজেলা পরিষদ বাতিল হওয়ায় পরিষদ কর্তৃক অনুমোদিত উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর সদস্য পদ বাতিল হয় এবং চেয়ারম্যান শরাফপুর মৃত্যুবরণ করায় তার সদস্য পদ বাতিল হয়। এমতাবস্থায় দরপত্র/কোটেশন মূল্যায়নের স্বার্থে ৭/৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা অতিব জরুরী। | (ছ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে নিম্নে বর্ণিত ৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। ১.উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া-আহবায়ক। ২. উপজেলা প্রকৌশলী এলজিইডি, ডুমুরিয়া-সদস্য সচিব ৩. উপজেলা কৃষি কর্মকর্তা, ডুমুরিয়া-সদস্য ৪. চেয়ারম্যান সদর ইউনিয়ন পরিষদ, ডুমুরিয়া-সদস্য ৫. উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, ডুমুরিয়া-সদস্য | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | জ) উপজেলা প্রকৌশলী আরও জানান যে, দেশের বর্তমান পরিস্থিতিতে সরকারি দপ্তরসমূহ নিরাপত্তার স্বার্থে উপজেলা পরিষদ ভবনের মূল গেট সুন্দরভাবে নির্মাণ করা অতিব জরুরী। উক্ত গেটের প্রাক্কলন প্রস্তুত করে রাজস্ব তহবিল হইতে ব্যয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা- ০১ শাখা, বাংলাদেশ সচিবালয় ঢাকা বরাবরে প্রেরণ করা যেতে পারে।<br><br>ঝ) উপজেলা প্রকৌশলী আরও জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের নীচ তলার ফ্লোর টাইস পরিবর্তন করার জন্য ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের দ্বিতীয় তলার ফ্লোর টাইস পরিবর্তন করার জন্য ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বৈদ্যুতিক ও পানির লাইন মেরামত করার জন্য ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা অনুমোদন আবশ্যক। | (জ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br><br>ঝ) বিষয় গুলো সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে পি আই সি এর মাধ্যমে বাস্তাবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | |
| ৬ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, পরিচালক (সমাজসেবা নিরাপত্তা) সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা মহোদয়ের স্মারক নং- ৪১.০১.০০০০.০৪১.১৪.০১০.৪৭৭ তারিখ: ০৪/০৭/২৪ খ্রি: মূলে ২০২৪-২৫ অর্থ বছরে বিগত বছরের ন্যায় এ বছরও সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাধীন বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী শিক্ষর্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি কর্মসূচি, অনগ্রসর জনগোষ্ঠীর ( বিশেষ ভাতা, শিক্ষা উপবৃত্তি) এবং হিজড়া ভাতা কর্মসূচির সুবিধাভোগীদের লাইভ ভেরিফিকেশন করা প্রয়োজন। তিনি আরও বলেন, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর সুবিধাভোগীদের দোরগোড়ায় ভাতার অর্থ পৌছানোর লক্ষ্যে ২০২০-২১ অর্থবছরের ২য় কিস্তি হতে G2P পদ্ধতিতে বিতরণ করা হচ্ছে। তিনি জানান লাইভ ভেরিফিকেশন এর উদ্দেশ্য হলো: মৃত ভাতাভোগীদের চিহ্নিত করা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কর্মসূচির কোন উপকারভোগী পুনঃবিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছেন কি না প্রতিবন্ধী ভাতা ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি কর্মসূচির আওতায় সুবর্ন নাগরিক কার্ড ব্যতিরেকে আর্থিক সুবিধা গ্রহণ করছেন কিনা এ বিষয়ে সভায় বিস্তারিত অলোচনা করা হয়। | সভায় উপস্থিত সম্মিনিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে ডুমুরিয়া উপজেলাধীন ১৪ টি ইউনিয়নে পর্যায়ক্রমিকভাবে লাইভ ভেরিফিকেশন সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণকে সহযোগিতা প্রদানের অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চেয়ারম্যান (সকল) |
| ৭ | উপজেলা তথ্যকেন্দ্র | সভায় কাজের অগ্রগতি উল্লেখ করে উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান যে, তথ্যআপাঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য ও | তথ্যআপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্পের | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্পের আওতায় প্রধান কার্যালয়ের মাসিক লক্ষ্যমাত্রা ৯৫০ জন অনুযায়ী তথ্যকেন্দ্র থেকে ডোর টু ডোর এর মাধ্যমে ৬০০ জনকে (শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যাবসা, কৃষি ও জেন্ডার বিষয়ে) সেবা দেওয়া হয়েছে। তথ্যকেন্দ্র থেকে ৪৪ জনকে সেবা দেওয়া হয়েছে। প্রকল্প অফিসের নির্দেশনায় ৪টি উঠান বৈঠকের মাধ্যমে ২০০ জনকে সেবা দেওয়া হয়েছে। ০৭নং শোভনা ইউনিয়নের ০২নং ওয়ার্ডের দলিত স্কুলে জুন মাসের প্রথম উঠান বৈঠক অনুষ্ঠিত হয়, রিসোর্স পারসন হিসের উপস্থিত ছিলেন মহিলা বিষয়ক কর্মকর্তা জনাব হাসি রানী রায়। ১৩নং গুটুদিয়া ইউনিয়নের ০৩ নং ওয়ার্ডের বাদুরগাছা গ্রামে ইউপি সদস্য বন্দনা রানির বাড়িতে জুন মাসের ২য় উঠান বৈঠক অনুষ্ঠিত হয়, রির্সোস পারসন হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জনাব এস.এম কামরুজ্জামান। ০৪নং খর্নিয়া ইউনিয়নের ০২নং ওয়ার্ডের ভদ্রদিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে জুন মাসের ৩য় উঠান বৈঠক অনুষ্ঠিত হয়, রির্সোস পারসন হিসেবে উপস্থিত ছিলেন প্রধান শিক্ষক, জনাব লীনা জেসমিন। ১৩নং গুটুদিয়া ইউনিয়নের ০১ নং ওয়ার্ডের লতা গ্রামের বিশ্বাস বাড়ি দূর্গা মন্দিরে ইউপি জুন মাসের ৪র্থ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়, রির্সোস পারসন হিসেবে উপস্থিত ছিলেন ডেপুটি জেনারেল ম্যানেজার, জনাব কাজী রমজান আলী। এমতাবস্থায় তথ্যকেন্দ্র থেকে সর্বমোট ৮৪৪ জনকে উল্লেখিত বিষয়ে সেবা প্রদান করা হয়েছে। | আওতায় উঠান বৈঠক, শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, কৃষি ও জেন্ডার বিষয়ে অনুষ্ঠান করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | |
| ৮ | উপজেলা কৃষি কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, বর্তমান মৌসুমে আমন বীজতলার লক্ষ্যমাত্র ৯১৫ হেক্টর নির্ধারণ করা হয়েছিল যা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। আমন আবাদ লক্ষ্যমাত্রা ১৫,৯০০ হেক্টর নির্ধারণ করা হয়েছিল। এ পর্যন্ত ১০,০৫০ হেক্টর জমিতে রোপন কার্যক্রম সম্পন্ন হয়েছে। দন্ডায়মান ফসলের মধ্যে সবজির আবাদ হয়েছে ২৭০০ হেক্টর এবং অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আমন ধান আবাদে লক্ষ্যমাত্র পূরণ করার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা |
| ৯ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা | উপ-সহকারী প্রকৌশলী বলেন যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ডুমুরিয়া, খুলনা এর মাধ্যমে বিভিন্ন উন্নয়ন মূলক কাজ বাস্তবায়িত হচ্ছে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৪২ টি গভীর নলকূপ ও ২২ টি রেইন ওয়াটার হার্ভেষ্টিং স্থাপনের কাজ চলমান। এছাড়া, | ৩৪২ টি গভীর নলকূপ ও ২২ টি রেইন ওয়াটার হার্ভেষ্টিং স্থাপনের কাজ চলমান। এছাড়া, উপকূলীয় জেলাসমূহে বৃষ্টির পানি সংরক্ষনের মাধ্যমে পানি সরবরাহ প্রকল্প এর আওতায় বরাদ্দ প্রাপ্ত রেইন ওয়াটার হার্ভেষ্টিং স্থাপনের কাজ | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | উপকূলীয় জেলাসমূহে বৃষ্টির পানি সংরক্ষনের মাধ্যমে পানি সরবরাহ প্রকল্প এর আওতায় বরাদ্দ প্রাপ্ত রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপনের কাজ চলমান আছে। কাজের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলমান আছে। | চলমান আছে। কাজের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় । | |
| ১০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব এস এম কামরুজ্জামান সভায় জানান ২০২৪-২০২৫ অর্থবছরে চলতি মাসে ৩০ জন যুব/যুব নারীকে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ১১ জন যুব/যুব নারীকে আত্মকর্মীসহ চলতি অর্থবছরে ২৬ জন যুব/যুব নারীকে আত্মকর্মে নিয়োজিত করা হয়। আত্মকর্মসংস্থান কর্মসূচীতে এ অর্থবছরে ১৭ জন আত্মকর্মীকে ৮,৫০,০০০/- টাকা যুব ঋণ প্রদান করা হয়। এছাড়া ক্লাব রেজিষ্ট্রশন কার্যক্রমসহ বায়োগ্যাস প্লান্ট স্থাপন এবং ঋণ সহযোগিতা চলমান আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। | ২০২৪-২০২৫ অর্থবছরে চলতি মাসে ৩০ জন যুব/যুব নারীকে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ১১ জন যুব/যুব নারীকে আত্মকর্মীসহ চলতি অর্থবছরে ২৬ জন যুব/যুব নারীকে আত্মকর্মে নিয়োজিত করা হয়। আত্মকর্মসংস্থান কর্মসূচীতে এ অর্থবছরে ১৭ জন আত্মকর্মীকে ৮,৫০,০০০/- টাকা যুব ঋণ প্রদান করা হয়। এছাড়া ক্লাব রেজিষ্ট্রশন কার্যক্রমসহ বায়োগ্যাস প্লান্ট স্থাপন এবং ঋণ সহযোগিতা চলমান আছে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় । | |
| ১১ | ইমারত স্থাপনের নকশা অনুমোদন সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া সভায় জানান যে, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংক, ডুমুরিয়া শাখায় ইমারত স্থাপনের নকশা অনুমোদনের ফিস জমা প্রদানের একটি চলতি হিসাব নং-১৩০৮-০২১০০০০৭৯৪৩ ও একই নামে সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড, ডুমুরিয়া শাখার হিসাব নং-১১৩১৩৩০০০৭৮২১ রয়েছে যা প্রাক্তন উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব এজাজ আহমেদ এর একক স্বাক্ষরে নিয়ম বহির্ভূত ভাবে পরিচালিত হতো। এমতাবস্থায়, পুনরায় উপজেলা পরিষদ গঠিত না হওয়া পর্যন্ত উক্ত হিসাব দুটি বন্ধ করে উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনার নামে ইমারত স্থাপনের নকশা অনুমোদনের ফিস জমা প্রদানের জন্য সোনালী ব্যাংক লিমিটেড, ডুমুরিয়া শাখায় নতুন হিসাব খোলার এবং উক্ত দুইটি হিসাবে যে অর্থ রয়েছে তা নতুন হিসাবে স্থানান্তর করার প্রস্তাব করেন। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় । আলোচনান্তে পুনরায় উপজেলা পরিষদ গঠিত না হওয়া পর্যন্ত বাংলাদেশ কৃষি ব্যাংক, ডুমুরিয়া শাখায় ইমারত স্থাপনের নকশা অনুমোদনের ফিস জমা প্রদানের একটি চলতি হিসাব নং-১৩০৮-০২১০০০০৭৯৪৩ ও সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড, ডুমুরিয়া শাখার হিসাব নং-১১৩১৩৩০০০৭৮২১ বন্ধ করে উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনার নামে ইমারত স্থাপনের নকশা অনুমোদনের ফিস জমা প্রদান নামীয়, সোনালী ব্যাংক লিমিটেড, ডুমুরিয়া শাখায় নতুন হিসাব খোলার এবং উক্ত দুইটি হিসাবে যে অর্থ রয়েছে তা নতুন হিসাবে স্থানান্তর করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১১ | বিবিধ আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া সভায় জানান যে, অত্র কার্যালয়ের প্রশাসনিক কাজে ব্যবহৃত খুলনা মেট্রো -ঘ-১১-০০৯৭ নম্বর জিপ গাড়িটির ইঞ্জিন সম্প্রতি বিকল হয়ে পড়েছে। এর ফলে প্রাত্যহিক প্রশাসনিক কার্যক্রম ব্যহত হচ্ছে। যেহেতু বর্তমান সরকার উপজেলা পরিষদের চেয়ারম্যান পদ অপসারণ করেছেন সেক্ষেত্রে উপজেলা পরিষদের খুলনা মেট্রো-ঘ-১১-০০৯৩ নম্বর জিপ গাড়িটি জনস্বার্থে সাময়িক সময়ের জন্য ব্যবহার করার প্রস্তাব করেন। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সভায় উপস্থিত সকল সদস্যের সম্মতিক্রমে উপজেলা পরিষদের জিপ গাড়িটি ব্যবহারের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০.০৯.২০২৪

মুহাম্মদ আল-আমিন
প্রশাসক
ডুমুরিয়া উপজেলা পরিষদ
ডুমুরিয়া, খুলনা
ফোনঃ ০৪০২৫-৫৬২২৫(অফিস)

স্মারক নং-০৫.৪৪.৪৭৩০.০০১.০৬.০০১.২১.৭৯০ (৫০)

তারিখঃ ৩০/০৯/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১ সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২ বিভাগীয় কমিশনার, খুলনা ।
০৩ জেলা প্রশাসক, খুলনা।
০৪ উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
০৫ নির্বাহী প্রকৌশলী এল.জি.ই.ডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর/ পানি উন্নয়ন বোর্ড,খুলনা।
০৬ উপপরিচালক, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, খুলনা।
০৭ জেলা শিক্ষা অফিসার, খুলনা।
০৮ -------------------------------------------------------------------------------------(জেলা পর্যায়ের দপ্তর সংশ্লিষ্ট প্রধান)
০৯ উপজেলা ---------------------------------------------------------------------------, ডুমুরিয়া, খুলনা।
১০ উপজেলা আই.সি.টি কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা। বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১১ জনাব -------------------------------------------------------------------------

৩০.০৯.২০২৪

মুহাম্মদ আল-আমিন
উপজেলা নির্বাহী অফিসার
ডুমুরিয়া, খুলনা
ফোনঃ ০৪০২৫-৫৬০০১